গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
**অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প**
পরিসংখ্যান ভবন (৯ম তলা, ব্লক-এ)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

তারিখঃ ২৬ কার্তিক, ১৪৩১
১১ নভেম্বর, ২০২৪

নং- ৫২.০১.০০০০.৬৩৫.১৮.০১৪.২৪-২১৭৫

**বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালিত অর্থনৈতিক শুমারি ২০২৪ এ তথ্য প্রদানসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে শুমারি ও জরিপ পরিচালনার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক ও জনতাত্ত্বিকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিসংখ্যান প্রণয়ন করে আসছে। বিবিএস কর্তৃক পরিচালিত শুমারিসমূহের মধ্যে জনশুমারি ও গৃহগণনা, কৃষি শুমারি এবং অর্থনৈতিক শুমারি উল্লেখযোগ্য। তিনটি উল্লেখযোগ্য শুমারির মধ্যে বর্তমানে অর্থনৈতিক শুমারি ২০২৪ এর কার্যক্রম চলমান রয়েছে। দেশের ১ম অর্থনৈতিক শুমারি ১৯৮৬ সালে অনুষ্ঠিত হয়। এরপর ২০০১ ও ২০০৩ সালে দুটি পর্যায়ে ২য় অর্থনৈতিক শুমারি এবং ২০১৩ সালে ৩য় অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় ২০২৪ সালে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ শুমারি হতে প্রাপ্ত তথ্য-উপাত্ত দেশের অর্থনৈতিক অবস্থার বিস্তারিত চিত্র তুলে ধরবে, যা নতুন বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

০২। অর্থনৈতিক শুমারি ২০২৪ এর তথ্য সংগ্রহ কার্যক্রম আগামী ১০-২৬ ডিসেম্বর, ২০২৪ দেশব্যাপী অনুষ্ঠিত হবে। উক্ত কার্যক্রমে দেশের সকল অর্থনৈতিক ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলী, জনবল, সম্পদ এবং ইউনিটের মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্য-উপাত্ত সংগ্রহ করা হবে। সারাদেশে প্রায় ৯৫ হাজার তথ্যসংগ্রহকারী, ১৯ হাজার সুপারভাইজার, ২৬০০ আইটি সুপারভাইজার এবং ২৬০০ জোনাল অফিসার এ কার্যক্রমে নিয়োজিত থাকবেন। জাতীয় এ গুরুত্বপূর্ণ কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নে আপনার প্রতিষ্ঠানসহ অধীনস্থ সংস্থার কর্মচারীগণের সর্বাত্মক সহযোগিতা একান্ত আবশ্যক।

০৩। বর্ণিতাবস্থায়, আগামী ১০ হতে ২৬ ডিসেম্বর, ২০২৪ তারিখে অনুষ্ঠেয় অর্থনৈতিক শুমারিতে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এর অধীন কার্যালয়সমূহকে তথ্য প্রদানসহ শুমারিকর্মীগণকে প্রয়োজনীয় সহযোগিতার নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো।

১১/১১/২৪
মোহাম্মদ মিজানুর রহমান
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৫৫০০৭০৫৬
ই-মেইল: dg@bbs.gov.bd

প্রধান প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
নবাব আব্দুল গনি রোড,ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
প্রশাসন শাখা
শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা।
www.eedmoe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৭.০০০০.০০৮.৩৪.৭৭৩.২৪-১৫৪৬(৮৭)

তারিখ: ০৩ অগ্রাহায়ণ ১৪৩১
১৮ নভেম্বর ২০২৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প, পরিসংখ্যান ভবন (৯ম তলা, ব্লক-এ) এ-২৭/এ, আগারগাঁও, ঢাকা
২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/ (সকল) সার্কেল
(পত্র অনুযায়ী প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ)
৩) নির্বাহী প্রকৌশলী, প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/ (সকল) জেলা
(পত্র অনুযায়ী প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ)
৪) প্রোগ্রামার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫) প্রধান প্রকৌশলীর ব্যক্তিগত সহকারী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৬) পরিচালক (প্রশাসন ও অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৭) অফিস কপি।

(মো. রায়হান বাদশা)
প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)
ফোন: ০২-৪১০৫৩৫১৫
ce@eedmoe.gov.bd